Number of printed pages: 4 (four) DCBL-2022-204

# 2022

## Diploma Course in Bengali Language (DCBL)

## **Second Semester : 4th paper**

## Textual Glimpses of Bengali Literature

Full Marks: 80 Time: 3 hours

# ২০২২

## বাংলা ভাষা ডিপ্লোমা পাঠক্রম

## **দ্বিতীয় ষাণ্মাসিক : ৪র্থ পত্র**

## বাংলা সাহিত্যের পাঠকৃতি

পূর্ণমান: ৮০ সময়: ৩ ঘণ্টা

**(১)** সংক্ষিপ্ত উত্তর দিন (যে কোনও **পাঁচটি**) : - ১ x ৫ = ৫

ক) আপনাদের পাঠক্রমের কোন্ কবিতাটি বর্তমানের মাতৃভাষাবিহীনতা প্রবণতায় একটি নতুন বার্তা এনেছে?

খ) পরধন বলতে এখানে কী বোঝানো হয়েছে?

গ) কবি মাইকেল মধুসূদন দত্ত স্বপ্নে কার আদেশ পেয়েছেন?

ঘ) দুঃখের মুহূর্তে সান্ত্বনার পরিবর্তে কবি কী প্রার্থনা করেছেন?

ঙ) ‘দুর্গম গিরি কান্তার মরু’র মতো প্রাণ মাতানো কবিতাটির কবি কে?

চ) পলাশীর প্রান্তরে কী ঘটেছিল?

**(২)** কে, কোন প্রসঙ্গে এই কথাটি বলেছেন? (যে কোনও **দু’টি**) : - ২ x ২ = ৪

ক) হে বঙ্গ! ভাণ্ডারে তব বিবিধ রতন;-
তা সবে, (অবোধ আমি!) অবহেলা করি,

খ) পাইলাম আজ্ঞা সুখে, পালিলাম কালে
মাতৃভাষা-রূপে খনি, পূর্ণ মণিজালে।

গ) দুঃখতাপে ব্যথিত চিতে
নাই বা দিলে সান্ত্বনা
দুঃখে যেন করিতে পারি জয়।

অপর পৃষ্ঠায় দেখুন

**(৩)** যে কোনও **দুইটি** প্রশ্নের উত্তর দিন : - ৩ x ২ = ৬

ক) বঙ্গভাষা কবিতাটিকে একটি অন্তরঙ্গ আত্মজীবনীমূলক আখ্যানও বলা চলে।- উক্তিটির যথার্থতা প্রমাণ করুন।

খ) চতুর্দশপদী কবিতা বলতে কী বোঝায়? এটির বৈশিষ্ট্য কী?

গ) বিপদ থেকে মুক্তি লাভের জন্য কোন্ তিনটি জিনিসের প্রয়োজন বলে কবিগুরু তাঁর কবিতায় উল্লেখ করেছেন? কবির সর্বশেষ প্রার্থনাটা কী?

**(৪)** প্রশ্নানুযায়ী উত্তর দিন : - ২ + ২ + ১ = ৫

ক) আচরি, কাটাইনু, কেলিনু (কাব্যিক শব্দ **দু'টির** আধুনিক রূপ লিখুন)

খ) হিম্মৎ, কাণ্ডারী, শকতি (যে কোন **দু'টির** অর্থ লিখুন)

গ) আমাদের জাতীয় সঙ্গীত রচনার সময়কাল _____ (১৯০৫/১৯১১/১৯১২)।

**(৫)** সংক্ষিপ্ত উত্তর দিন (যে কোনও **পাঁচটি**) : - ১ x ৫ = ৫

ক) গুরুমশায়ের পাঠশালাটি কোথায় ছিল? এতে পাঠদানের উপাদান কী ছিল?

খ) 'পাদটীকা' গল্পে উল্লিখিত নদীটির নাম কী?

গ) অপুর পিতা ও মাতার নাম কী লিখুন।

ঘ) 'পথের পাঁচালী'র লেখকের নাম লিখুন।

ঙ) বনফুলের আসল নাম কী?

**(৬)** যে কোনও **দু'টি** প্রশ্নের উত্তর লিখুন : - ২ x ২ = ৪

ক) পাঠশালা সম্পর্কে অপুর কী ধারণা ছিল?

খ) অপুর বাড়িতে কী কী বই ছিল?

গ) পণ্ডিতমশায় বাংলা ব্যাকরণের কোন্ বিষয়টি পড়াতেন?

**(৭)** রচনার ডানদিকে সঠিক লেখকের নাম লিখুন : - ১ x ৩ = ৩

| | | |
|---|---|---|
| ক) | পাদটীকা | সুকুমার রায়। |
| খ) | নিমগাছ | সৈয়দ মুজতবা আলী। |
| গ) | আবোল-তাবোল | বনফুল। |

**(৮)** যে কোনও **দু'টি** প্রশ্নের উত্তর দিন : - ৩ x ২ = ৬

ক) এন. ডি. বিটসন বেল কে ছিলেন? তিনি নিজের কী নাম বলতেন?

খ) শিশু এবং কিশোর সাহিত্যের প্রয়োজন কেন?

গ) শাখামৃগ, সারমেয় ও মর্কট -শব্দের অর্থ লিখুন।

**(৯)** শূন্যস্থান পূর্ণ করুন : - ১/২ x ৪ = ২

ক) পথের পাঁচালির যমজ সংস্করণ হল ____ (আরণ্যক/আম আঁটির ভেঁপু)।

খ) বিহঙ্গ শব্দের অর্থ হল ____ (বাঁদর/পাখি)।

গ) নীল কণ্ঠ যাঁহার ____ (নীলকণ্ঠ/শাখামৃগ)।

ঘ) পণ্ডিতমশায়ের মাসিক আয় ছিল ____ (বিশ/পঁচিশ/পঁয়ত্রিশ) টাকা।

**(১০)** উত্তর দিন (যে কোনও **তিনটি**) : - ৩ x ২ = ৬

ক) কেকাধ্বনি কী? এটা কখন প্রকট হয়?

খ) ব্যাঙের সংস্কৃত নাম কী? কোন্ গানে এই শব্দটির প্রয়োগ আছে লিখুন।

গ) টীকা লিখুন: 'মহাকবি কালিদাস'।

ঘ) কবি বিদ্যাপতির রচনার ভাষা কী? কবি বিদ্যাপতির ভাষা ও ছন্দের অনুকরণে কবিগুরু রবীন্দ্রনাথ কী রচনা করেন?

**(১১)** সংক্ষেপে উত্তর লিখুন (যে কোনও চারটি) : - ১ x ৪ = ৪

ক) লোকগণনা বলতে কী বোঝায়?

খ) বাল্য ও কৈশোরে বই পড়ার স্মৃতিটি কী ধরনের রচনা?

গ) হক্ এবং স্মীথ দেশ ভ্রমণের উদ্দেশ্যে কোথায় গিয়েছিলেন?

ঘ) কাফ্রি তরুণীটি কে ছিল?

ঙ) 'হারানো দিন, হারানো মানুষ' -কী ধরনের রচনা?

**(১২)** উত্তর লিখুন : - ৪ x ১ = ৪

ক) জীবনী ও আত্মজীবনীর পার্থক্য কী? ***অথবা***

খ) দুই শ্বেত বন্দিকে নিয়ে কাফ্রিদের কী পরিকল্পনা ছিল?

**(১৩)** টীকা লিখুন: (যে কোনও **দু'টি**) : - ৩ x ২ = ৬

হাবুলচান্দোর, জয়দেব, ষড়ঋতু, রবীন্দ্রনাথ ঠাকুর।

**(১৪)** যে কোনও **দু'টির** উত্তর দিন : - ৩ x ২ = ৬

ক) তৃতীয় নেত্র গল্পটির কথক কে? কথক মূর্তিগুলোতে কী আবিষ্কার করেন?

খ) অনূদিত সাহিত্য বলতে কী বোঝায়? উদাহরণ সহ লিখুন।

গ) 'একটি ইলিশের স্বাদ' গল্পটিতে মাছ পেয়ে চাওবা কী পরিকল্পনা করেছিল?

**(১৫)** নিম্নলিখিত প্রশ্নগুলোর উত্তর লিখুন (যে কোনও **দু'টি**) : - ২ x ২ = ৪

ক) 'বাবা, ও বাবা, আমাদের মাছ নিয়ে গেল। মাছ নিয়ে গেল। মাছ নিয়ে গেল।' কার উক্তি? কেন কথাটি বলেছিল?

খ) থানিনজাউ কে? সে কেন চাউবার বাড়িতে এসেছিল?

গ) 'হল না, বাবা, হল না' -কী হল না?

**(১৬)** সংক্ষেপে উত্তর দিন (যে কোনও **দু'টি**) : - ৩ x ২ = ৬

ক) 'সম্রাট সাজাহান শুধু পিতা নয় সম্রাট।' -কথাটির তাৎপর্য লিখুন।

খ) 'আমি যাচ্ছি আপনার সিংহাসন রক্ষা কর্তে,' -উক্তিটি কার? কখন, কা'কে লক্ষ্য করে বলা হয়েছে? এর কারণ কী?

গ) সাজাহান নাটকের নাট্যকার কে? তাঁর পরিচয় দিন?

**(১৭)** অতি সংক্ষেপে উত্তর লিখুন (যে কোনও **দু'টি**) : - ১ x ২ = ২

ক) সম্রাট সাজাহানের জ্যেষ্ঠপুত্রের নাম কী?

খ) সাজাহান নাটকের স্বকল্পিত রাজাটি কে?

গ) মোরাদ কোথায় রাজত্ব করতেন?

**(১৮)** টীকা লিখুন (যে কোনও **একটি**) : - ২ x ১ = ২

জাহানারা, নাদিরা, সুজা।

- শেষ পৃষ্ঠা -